**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**23 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

১) এডভান্টেজ আসামে অংশ নেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল থেকে দুদিনের আসাম সফর ।

২) বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড: এস জয়শংকরের নেতৃত্বে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও উচ্চায়ুক্তের এক প্রতিনিধি দলের আজ আসাম আগমন ।

৩) এডভান্টেজ আসাম দ্বিতীয় সংস্করণের সময় সমঝোতা চুক্তিতে অনুমোদন সহ রাজ্য মন্ত্রীসভার বেঠকে বেশ কিছু গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ ।

এবং

৪) কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে ভারত এক পৃথক পরিচয় তৈরী করতে সমর্থ হয়েছে বলে আকাশবানীর মন কি আত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ ।

---

এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণে অংশ নেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরসূচী নিয়ে আগামীকাল গৌহাটীতে আসছেন

। প্রধানমন্ত্রী ঝুমুর নৃত্যের অনুষ্ঠান উপভোগ করার পর এডভান্টেজ আসাম সম্মেলনের দুটি প্রদর্শনী পরিদর্শন করবেন । আগামী মংগলবার শ্রী মোদী এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের মূল কার্যসূচীর সূচনা করবেন ।এদিকে এই অনুষ্ঠানে অংশগ্রহণ করতে কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড: এস জয়শংকরের নেতৃত্বে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও উচ্চায়ক্তের এক প্রতিনিধি দল আজ গৌহাটীতে এসে পৌছবেন । জাপান , দক্ষিণ কোরিয়া , থাইলেন্ড , সিংগাপুর , অষ্ট্রেলিয়া , জার্মানী , ইটালী , ভূটান সহ রাষ্ট্রসমূহের প্রতিনিধি দলটি আজ বিশেষ বিমানে গৌহাটীতে পৌছবেন । দলটি বিনিয়োগ সম্মেলনে অংশ গ্রহণের আগে কাজিরাঙা জাতীয় উদ্যান পরিদর্শন করবে । দলটি আসাম সরকারের আমন্ত্রণ রক্ষা করে আজ কাজিরাঙায় রাত্রিযাপন করে আগামীকাল সকালে উদ্যানটিতে জীপ ও হাতী সাফারি করবে । এই উদ্দেশ্যে অতিথিদের স্বাগত জানাতে কাজিরাঙা জাতীয় উদ্যান কতৃপক্ষ কহরা বনাঞ্চলে প্রবেশ করার স্থান সাজিয়ে তুলেছে ।এদিকে সাধারণ পর্যটকদের জন্য আগামীকাল কহরা বনাঞ্চলে জীপ ও হাতী সাফারি বন্ধ থাকবে তবে বিকেল থেকে পুনরায় বনাঞ্চলটিতে পর্যটকরা সাফারি করতে পারবেন বলে উদ্যান কতৃপক্ষ আমাদের ঘোলাঘাট সংবাদদাতাকে জানিয়েছেন ।

এদিকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এই সম্মেলনের শেষ পর্যায়ের প্রস্তুতির খোজ নেওয়ার জন্য আজ মন্ত্রীসভার বেঠকে অংশ নেওয়া সহ বিভিন্ন জেলার আয়ুক্তদের সংগে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আলোচনায় মিলিত হন । মুখ্যমন্ত্রী আয়ুক্তদের সংশ্লিষ্ট জেলাগুলিতে সম্মেলনের অংশ হিসেবে সমঝোতা চুক্তিতে সাক্ষর করার ক্ষেত্রে সহায়তা করতে আহ্বান জানান। এই সম্মেলনের

জন্য সুরক্ষা ব্যবস্থা জোরদার করে তোলা সহ সংশ্লিষ্ট সব বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে মুখ্যমন্ত্রী আয়ুক্তদের নির্দেশ দেন ।

---

গৌহাটীর  সরুসাজাই ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় ঝুমুর নৃত্যের সর্ববৃহৎ অনুষ্ঠান ঝুমুর বিনন্দিনীর জন্য সব প্রস্তুতি সম্পূর্ন হয়েছে । এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের অংশ হিসেবে রাজ্য সরকার আসামের চা শিল্পের ২০০ বছরের  সমৃদ্ধ ঐতিহ্য উদযাপনের উদ্দেশ্যে আগামীকাল বিকেল চারটায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে অনুষ্ঠেয় এই অভিনব অনুষ্ঠানের চূড়ান্ত অনুশীলনে মুখ্যমন্ত্রী ড:  হিমন্ত বিশ্ব শর্মা , কেন্দ্রীয় মন্ত্রী পবিত্র মার্ঘেরিটা সহ বেশ কয়েকজন মন্ত্রী উপস্থিত ছিলেন । সাংবাদিকদের সংগে কথাবর্তার সময়  মুখ্যমন্ত্রী এই অনুষ্ঠানে অংশ  নেওয়া প্রত্যেক শিল্পীকে ২৫ হাজার  টাকা করে ও বিশেষজ্ঞ দলের প্রতি সদস্যকে ৩০ হাজার টাকা করে দেওয়া হবে বলে ঘোষনা করেন । এছাড়া চা বাগানের মধ্যে সাংস্কৃতিক কার্যকলাপ প্রচারের জন্য সংঘ স্থাপন করার জন্য প্রতিটি চা বাগানকে ২৫ হাজার টাকা করে প্রদান করা হবে বলে  মুখ্যমন্ত্রী জানান ।রাজ্যের প্রায় ৯ হাজার শিল্পীর অংশ গ্রহণে এই অনুষ্ঠানকে সফল করে তোলার জন্য নিরন্তর প্রয়াস চালিয়ে আসা প্রত্যেক শিল্পী ও কলাকুশলীকে মুখ্যমন্ত্রী ধন্যবাদ জ্ঞাপন করেন।

---

দিশপুরে আজ অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে রাজ্যের বিকাশ ও উন্নয়নের জন্য বেশ কয়েকটি গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের সময় সমঝোতা চুক্তিতে অনুমোদন , রাজ্যের বস্ত্র শিল্পের সবলীকরণ ও চিকিৎসকদের বিভিন্ন সহযোগীতা প্রদানের জন্য দ্য এ পি সি প্রকল্প সহ বেশ কিছু গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয় । চিকিৎসকদের সুবিধা প্রদানের বিভিন্ন সিদ্ধান্তের বিষয়ে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন

**বাইট /**

এডভান্টেজ আসাম দ্বিতীয় সংস্করণের জন্য রাজ্যে ১ লক্ষ ২২ হাজার কোটি টাকার সমঝোতা চুক্তিতে সাক্ষর করতে বৈঠকে অনুমোদন জানানো হয় । বৈঠকের পর সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন

**বাইট /**

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে ভারত এক পৃথক পরিচয় গড়ে তুলতে সক্ষম হয়েছে বলে মন্তব্য করেন ।আজ আকাশবাণীর মন কি অনুষ্ঠানের ১১৯ তম পর্বে জনসাধারণের সঙ্গে মত বিনিময় করে শ্রী মোদী বলেন যে দেশের জনসাধারণ নতুন প্রযুক্তি গ্রহণ এবং এর ব্যবহারের প্রতি সর্বদা আগ্রহী ।প্যারিসে অনুষ্ঠিত কৃত্রিম বুদ্ধিমত্তা সম্মেলনে অংশগ্রহণ করার অভিজ্ঞতা ব্যক্ত করে শ্রী মোদী কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে ভারতের অগ্রগতির ভূয়সী প্রশংশা করেন ।

শ্রী মোদী মহাকাশ গবেষণা ক্ষেত্রে যুব প্রজন্মের বর্ধিত অংশগ্রহণ নতুন পরিবর্তনের সূচনা করেছে বলে উল্লেখ করেন ।বর্তমানে মহাকাশ ক্ষেত্র যুব প্রজন্মের প্রিয় বিষয় হয়ে ওঠায় এবং মহাকাশ বিজ্ঞানীদের দলে মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধি পাওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন ।

আগামী ৮ ই মার্চ আন্তর্জাতিক নারী দিবসের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন এই দিনটি নারী শক্তিকে প্রণাম জানানোর একটি বিশেষ দিন ।ভারতীয় সংস্কৃতিতে কন্যা সন্তানদের সম্মান জানানো অন্যতম পরম্পরা বলেও তিনি উল্লেখ করেন ।দেশের স্বাধীনতা আন্দোলনে নারীশক্তি উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করা সহ সংবিধান প্রস্তুত করার ক্ষেত্রে দেশের নারীদের অবদানের কথা তিনি স্মরণ করেন ।তিনি সংবিধান সভায় জাতীয় পতাকা প্রস্তুত করার সময়ের হাংসা মেহতার একটি শ্রব্য বার্তাও প্রচার করেন ।

মন কি বাতের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী উত্তরাখন্ডে অনুষ্ঠিত জাতীয় ক্রীড়ার বিষয়ে উল্লেখ করে বলেন যে দেশের ১১ হাজারেরও বেশী খেলোয়াড় এই ক্রীড়া সমারোহে অপূর্ব ক্রীড়া শৈলী প্রদর্শন করেছে ।অনুষ্ঠানে শ্রী মোদী মেদবহুলতার বিষয়ে বিশেষভাবে উল্লেখ করে মেদবহুলতা রোধ করতে খাদ্যাভাসে পরিবর্তন আনতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বন্যপ্রাণী সংরক্ষণ সহ দেশের অনুকূল পরিবেশের ওপর আলোকপাত করেন ।তিনি পরীক্ষার্থীদের মানসিক চাপমুক্ত হয়ে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার আহ্বান জানান ।

---

হাইলাকান্দি জেলার ১৯ টি চাবাগানের সবকটিতেই আগামীকাল গুয়াহাটীর সরুসজাই ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় ঝুমুর বিনন্দিনী নৃত্যানুষ্ঠানের সরাসরি সম্প্রচার বড় পর্দায় দেখানো হবে ।হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল বিকেল চারটে থেকে প্রজেক্টারের মাধ্যমে বড়পর্দায় বাগান শ্রমিকরা এই মেগা ইভেন্ট সরাসরি দেখতে পারবেন ।এদিকে আজ জেলা আয়ুক্ত নির্সগ হিভারে গৌতম জেলার সব চক্র আধিকারীক সহ প্রশাসনের উচ্চপদস্থ আধিকারীকদের এই সরাসরি সম্প্রচার সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় নির্দেশ দেন ।উল্লেখ্য সরুসজাই ষ্টেডিয়ামে আয়োজিত ঝুমুর বিনন্দিনী অনুষ্ঠানে হালাকান্দি জেলার ৯৬ জন নৃত্যশিল্পী এবং ৫ জন মাস্টার ট্রেনার অংশগ্রহণ করছেন ।

---

শিলচর ইন্ডিয়া ক্লাবের ১২৫তম বর্ষ পূর্তী উপলক্ষ্যে আজ ইন্ডিয়া ক্লাব প্রাঙ্গন থেকে একটি বিশাল শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে পুনরায় ক্লাবে এসে শেষ হয় । ক্লাবের সভাপতি নীহার রঞ্জন পুরকায়স্থ এই শোভাযাত্রার সূচনা করেন । ক্লাবের সাধারন সম্পাদক সুমন্ত কুমার দাস আকাশবানীকে জানিয়েছেন যে আজকের এই শোভাযাত্রায় শিলচর জেলা ক্রীড়া , রূপম সহ বিভিন্ন ক্রীড়া , সাংস্কৃতিক-সামাজিক সংগঠন অংশগ্রহন করেছে ।

---

---